দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া

ZwiLt 12/11/2017 (ct 13)

মাগুরায় জিংক সমৃদ্ধ ব্রি-ধান ৬২ ও ৭২ চাষে সাফল্য

■ মাগুরা প্রতিনিধি

মানব শরীরের জন্য অত্যন্ত প্রয়োজনীয় জিংক সমৃদ্ধ ধানের চাষ করে মাগুরায় সাফল্য পেয়েছেন কৃষকরা। এ ধানে চার থেকে পাঁচ ভাগ পরিমাণ জিংক আছে। যা গর্ভবতী মা ও বাচ্চাদের ক্ষেত্রে বেশি দরকারি। গর্ভবতী মায়েরা এ চালের ভাত খেলে ভবিষ্যৎ বাচ্চা খর্বাকায় ও প্রতিবন্ধিতা থেকে রক্ষা পাবে। মঙ্গলবার মাগুরা সদর উপজেলার আঙ্গারদহ গ্রামে জিংক সমৃদ্ধ ব্রি-ধান ৬২ ও ৭২ এর মাঠ দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এ কথা জানান বক্তারা।

অত্যন্ত প্রয়োজনীয় জিংক সমৃদ্ধ ধানের চাষ করে মাগুরায় সাফল্য পেয়েছেন কৃষকরা। এ ধানে চার থেকে পাঁচ ভাগ পরিমাণ জিংক আছে। যা গর্ভবতী মা ও বাচ্চাদের ক্ষেত্রে বেশি দরকারি। গর্ভবতী মায়েরা এ চালের ভাত খেলে ভবিষ্যৎ বাচ্চা খর্বাকায় ও প্রতিবন্ধিতা থেকে রক্ষা পাবে

কৃষি অফিস সূত্র জানায়, এ বছর জেলায় প্রদর্শনী আকারে ৮৫৯ হেক্টর জমিতে এ দুই জাতের ধান আবাদ করা হয়েছে। যেখান থেকে অন্তত ৩৬১০ টন জিংক সমৃদ্ধ ধান উৎপাদন হবে। এ ধানের চাল সুস্বাদু ও অধিক ভিটামিন সমৃদ্ধ হওয়ায় এর চাহিদা ক্রমান্বয়ে বেড়ে যাচ্ছে। অন্যদিকে বাজারে এ ধানের দামও বেশি পাওয়া যায়। আগামীতে কৃষকরা অধিকহারে এ ধান আবাদ করবে বলে আশাবাদ ব্যক্ত করেন জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক পার্থ প্রতিম সাহা।

ওই দিন স্বেচ্ছাসেবী সংস্থা সিও-এর আয়োজনে হার্ভেস্ট প্লাস ও সদর উপজেলা কৃষি সম্প্রসারণের সহযোগিতায় স্থানীয় কৃষক রমেশ শিকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা কৃষি কর্মকর্তা রুহুল আমিন, বৈজ্ঞানিক কৃষি কর্মকর্তা জয়দেব কর্মকার প্রমুখ।

যায়যায়দিন
১৯৮৪ থেকে
ZwiLt 12/11/2017 (ct 13)

আধুনিক পদ্ধতিতে ধানচাষ বিষয়ক কৃষক প্রশিক্ষণ

রফিক মজিদ

শেরপুরে আধুনিক পদ্ধতিতে ধান চাষাবাদের ওপর কৃষক প্রশিক্ষণ মাঠ দিবস করেছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)। ৪ নভেম্বর নকলা উপজেলার কায়দা গ্রামে ব্রি উদ্ভাবিত ব্রি ধান-৭১ ও ব্রি ধান-৭৫ প্রদর্শনী প্লটের পাশে এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়। ব্রি গাজীপুরের ফলিত গবেষণা বিভাগ শেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহায়তায় এ মাঠ দিবসের আয়োজন করে। এতে ব্রি উদ্ভাবিত নতুন জাতের ধান ব্রি ধান-৭১ ও ব্রি ধান-৭৫ চাষ পদ্ধতি, কলাকৌশল ও প্রয়োজনীয়তা সম্পর্কে বক্তব্য রাখেন প্রধান অতিথি ব্রি মহাপরিচালক ড. শাহজাহান কবীর এবং ব্রির উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা বিশ্বজিৎ কর্মকার। শেরপুর খামারবাড়ির উপ-পরিচালক কৃষিবিদ মো. আশরাফ উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মাঝে বক্তব্য রাখেন নকলা উপজেলা আ'লীগের সভাপতি মোস্তাফিজুর রহমান, সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম জিন্নাহ, পৌর মেয়র হাফিজুর রহমান লিটন, উপজেলা কৃষি কর্মকর্তা হুমায়ুন কবীর, পিপিআই আতিকুর রহমান আতিক, কৃষক আবু হানিফা ও মারফত আলী প্রমুখ। অনুষ্ঠানে স্থানীয় ও আশপাশের এলাকার শতাধিক কৃষক-কৃষাণী উপস্থিত ছিলেন।